| MONDOL INTIMATES LIMITED | শিরোনাম | স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা |
|---|---|---|
| | Last Update | জানুয়ারী ০৪, ২০২০ |
| | Next Update | জানুয়ারী ০৪, ২০২১ |
| | রেকর্ড নম্বর, ডকুমেন্ট | MI/Policy |

# স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা
# (Health & Safety Policy)

উদ্দেশ্যেঃ

মন্ডল ইন্টিমেটস্ লিঃ এর সকল শ্রমিক এবং কর্মচারীদের সু-স্বাস্থ্য এবং দুষনমুক্ত কর্মপরিবেশ বজায় রাখার জন্য স্বাস্থ্য ও নিরাপত্তা নীতিমালা অনুসরন করে থাকি। বাংলাদেশ শ্রম আইন-২০০৬-এর ধারা ৫১ থেকে ধারা ৬০ এর মধ্যে স্বাস্থ্য ও স্বাস্থ্য বিধির বিভিন্ন দিক গুলি বিশদভাবে বিশ্লেষন করা আছে। এছাড়াও শ্রমিকদের জন্য সুষ্ঠ স্বাস্থ্য বিধি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত বিষয় গুলির ব্যবস্থা করা হয়েছে।

ক। **পরিবেশ দুষণমুক্ত রাখার জন্য:**

১. **কাপড় কাটার পর ব্যবহার অনুপযোগী টুকরা অংশ:** কাপড় কাটার পর ব্যবহার অনুযোগী টুকরা অংশ গুলি কাটিং সেকশন হতে সংগ্রহ করে বস্তায় ভরে জুট গোডাউনে রাখতে হবে। জুটের পরিমান বৃদ্ধি পেলে সরবরাহকারীদের দিয়ে দিতে হবে।

২. **মেশিনে ব্যবহারকৃত পুরাতন তৈল ও লুব্রিকেন্ট:** মেশিনে ব্যবহাকৃত পুরাতন তৈল ও লুব্রিকেন্ট সমূহ ড্রামে ভরে রাখতে হবে এবং যত তারাতারি সম্ভব সরবরাহকারীদের ফেরত দিতে হবে।

৩. **ভাঙ্গা ও লৌহজাত দ্রব্য:** মেশিনের ভাঙ্গা ও অকেজো পার্টস, ব্যবহৃত পুরাতন ভাঙ্গা নিডেল একত্রিত করিয়া সরবরাহকারীদের ফেরত দিতে হবে।

৪. **সুতার ব্যবহৃত কোণ:** সূতার ব্যবহৃত কোণ সমূহ লাইনের শেষ মাথায় একটি বক্সে জমা করতে হবে। অত:পর কোণ সমূহ একত্রিত করে বস্ড়ায় ভরে সরবরাহকারীদের দিতে হবে।

৫. **অকেজো কার্টুন :** অকেজো কার্টুন একত্রিত করে দড়ি দিয়ে বেধে জমা করে রাখতে হবে এবং সরবরাহকারীদের দিতে হবে।

৬. **অব্যবহৃত পলিথিন:** বিভিন্ন ধরনের অব্যবহৃত পলিথিন একত্রিত করে জুট গোডাউনে একটি নির্দিষ্ট জায়গায় রাখতে হবে এবং সরবরাহকারীদের দিয়ে দিতে হবে।

৭. **টিউব লাইট ও বাল্ব:** ফিউজ টিউব লাইট এবং বাল্ব প্রত্যেকটি ফ্লোরে ম্যাকানিক্স সেকশনে একটি কারে কাঠের বক্স দেওয়া আছে এছাড়াও ষ্টোরেও কাঠের বক্স দেওয়া আছে ফিউজ টিউব লাইট এবং বাল ঐ সকল নির্দিষ্টি বক্সে জমা করতে হবে এবং বক্সে পরিপূর্ণ হলে তা একত্রিত করে সরবরাহকারীদের দিতে হবে।

৮. **টয়েলেট পরিস্কার পরিচ্ছন্নতা;** প্রতিদিন সকালে সুইপারগণ টয়েলেট ধুয়ে মুছে পরিস্কার পরিচ্ছন্ন করবে এবং যতক্ষন ডিউটি চলে ততক্ষন প্রয়োজনমত টয়লেট পরিস্কার পরিচ্ছন্ন রাখবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | এইচ আর এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

খ। **শ্রমিকদের সুস্থ্য এবং নিরাপদ রাখতে নিম্মোক্ত বিষয়গুলোর দিকে লক্ষ্য রাখতে হবে:**

১. **আই গ্লাভস** এর মাধ্যমে মেশিন চলাকালীন সময়ে চোখ ও অন্যান্য অঙ্গ কে নিরাপদ রাখতে সহয়তা করে। তাই বি/টি, বি/এচ, এফ/এল, ও/এল, বি/এইচ, এবং গ্রান্ডিং মেশিন অপারেটরদের অবশ্যই আই গ্লাস পরিধান করে কাজ করতে হবে।

২. **মুখোশ:** মুখোশ ব্যবহার ফুসফুসকে ধুলাবালী এবং দুষিত বস্তু থেকে রক্ষা করে, তাই যারা কাটিং সেকশনে কাজ করেন, ওয়্যার হাউজের সংঙ্গে জড়িত আছেন, এবং ওভার লক মেশিন চালান তাদের অবশ্যই মুখোশ ব্যবহার করতে হবে।

৩. **নিডেল গার্ড:** নিডেল গার্ড-মেশিন চলাকালীন সময়ে শ্রমিকদের হাত এবং আঙ্গুল রক্ষা করে। তাই সকল সুইং মেশিনে নিডেল গার্ড থাকবে এবং নিডেল গার্ড ব্যতিত কেউ মেশিন চালাবে না।

৪. **মেটাল হ্যান্ড গ্লাভস** এর মাধ্যমে কাটিং সেকশনে মেশিন চলাকালীন সময়ে ধারালো নাইফ দ্বারা হাত কেটে যাওয়া থেকে রক্ষা করে। তাই কাটার ম্যানদের অবশ্যই এই গ্লোভস পরে কাপড় কাটতে হবে।

৫. **লেদার হ্যান্ডস গ্লাভস:** এটা তাপিয়বস্তু ধারন করতে সহায়তা করে। বয়লার রুমে, জেনারেটর রুমে এবং মেইনটেন্স রুমে যারা গরম অথবা বৈদ্যুতিক কিছু ধরেন তাদের এটি ব্যবহার করতে হবে।

৬. **মেশিন বেল্ট পুলিকভার:** এই কভার থাকলে মেশিন চলাকালীন সময়ে পুলি ও বেল্টের সাথে কাপড় বা সুতা জড়িয়ে যায় না। তাই সকল মেশিনে মটর এবং মেশিন বেল্ট ও পুলিকভার নিশ্চিত করতে হবে।

৭. **রাবার ম্যাট:** এই ম্যাটের মাধ্যমে দাঁড়িয়ে ইলেকক্ট্রিক আয়রন এবং হিটার কাজ করার সময়ে পায়ের নিচে দিতে হয়। আবার সুইং মেশিনের প্যাডেলে পা রেখে কাজ করতে গেলে ব্যবহার করতে হয়। এতে বৈদ্যুতিক দুর্ঘটনা হতে রক্ষা পাওয়া যায় তাই আয়রন এবং সুইং মেশিনে এই ম্যাট ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে।

৮. **লুকিং গ্লাস:** বাটন মেশিন এবং গ্রান্ডিং মেশিনে কাজ করার সময়ে লুকিং গগ্চাস ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে। যাতে কাজ করার সময় কোন কিছু ছিটকে গিয়ে চোখে না লাগে।

৯. **ওয়েল্ডিং লুকিং গ্লাস** এই গ্লাসের মাধ্যমে নিরাপদ ও নিখুত ভাবে দেখে কাজ করা যায়। এই লুকিং গ্লাস ব্যবহার করলে ওয়েল্ডিং এর ক্ষতিকর ধোঁয়া ও আলোর ঝলকানি থেকে নাক, মুখ এবং চোখ নিরাপদ রাখে। তাই যারা ওয়েল্ডিং কাজের সাথে জড়িত তাদের এই গ্লাস ব্যবহার করা বাধ্যতামূলক।

১০. **বাটন সেফটি লক:** এই লক স্ন্যাপ বাটন অপারেটরদের হাত মোল্ড এর চাপ থেকে ক্ষত হওয়া থেকে রক্ষা করে। তাই প্রতিটি বাটনে এই সেফটি লক লাগানো থাকবে।

১১. **বয়লার সেফটি ভাল্ব:** বয়লার চলাকালীন সময়ে স্ট্রিম কন্টোল না হয়ে বাড়তে থাকলে এই সেফটি ভাল্ব খুলে গিয়ে বয়লারকে বিপদ মুক্ত রাখতে সহায়তা করে। তাই বয়লারে এই ভাল্ব অবশ্যই থাকতে হবে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | এইচ আর এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |

১২. এয়ার প্লাগ বা শব্দ নিয়ন্ত্রন: এই প্লাগ জেনেরেটর শব্দ হতে কান কে শব্দ দুষন থেকে রক্ষা করে। তাই জেনারেটর অপারেটরদের এটি ব্যবহার করা বাধ্যতামূলক করা হয়েছে।

১৩. রেসপিরেটরি মাস্ক: স্পট রিমুভারদের কেমিক্যেলস থেকে ফুসফুস, হাত এবং চোখ রক্ষা করার জন্য অবশ্যই রেসপিরেটরি মাস্ক, হ্যান্ড গ্লোভস এবং ব্যবহার করতে হবে।

১৪. সিজার, কাটার বেধে ব্যবহার: সিজার, কাটার পড়ে গেলে শ্রমিক আহত হতে পারে তাই সিজার, কাটার, ভ্রমর বেঁধে ব্যবহার করা বাধ্যতামূল করা হয়েছে।

১৫. ফিল্টার: শ্রমিকদের সু-স্বাস্থ্য বজায় রাখতে সকলকে ফ্লোরে দেওয়া পানির পাত্র হতে বিশুদ্ধ পানি পান করতে নির্দেশ দেয়া হয়।

১৬. পিকদানী: শ্রমিকরা যাতে যেখানে সেখানে কফ, থু-থু ফেলে পরিবেশ দুষন না করে সে জন্য প্রত্যেক Exit এর সামনে পিকদানী দেয়া হয়।

১৭. বাথরুমে স্যানএডল ব্যবহার: প্রতি ফ্লোরে টয়লেটের সামনে পর্যাপ্ত স্যান্ডেল দেয়া হয়েছে যাতে শ্রমিকরা তা পরিধান করে বাথরুমে যেতে পারে এবং সু-স্বাস্থ্য বজায় রাখতে পারে।

১৮. ধুমপান এবং পান সেবণ করা নিষিদ্ধ: শ্রমিক এবং কারখানা নিরাপদ রাখার জন্য ধুমপান এবং পান খাওয়া নিষিদ্ধি করণ।

১৯. অগ্নি-নির্বাপনি মহড়া এবং ট্রেনিং: শ্রমিকদের নিরাপদ রাখার জন্য প্রতি মাসে অগ্নি-নির্বাপনি মহড়া করা হয়। এবং শ্রমিকদের ট্রেনিং দেওয়া হয়।

২০. প্রাথমিক চিকিৎসা বাক্স: শ্রমিকদের প্রাথমিক চিকিৎসার জন্য ফ্লোরের প্রতি লাইনে প্রয়োজনিয় আইটেম সহ পর্যাপ্ত সংখ্যক First Aid Box দেওয়া আছে এবং প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষিত ব্যক্তি আছে। প্রয়োজনে শ্রমিকরা তা ব্যবহার করবেন।

২১. মেডিক্যাল সেন্টার: অত্র ফ্যক্টরীর ২য় তলায় একটি মেডিক্যাল সেন্টার আছে ।

২২. বাইরের হাসপাতালে প্রেরণ: জরুরী রোগীকে সুস্থ্য করার জন্য নিকটবর্তী মেডিকেল সেন্টার, কাজী হস্পিটালে এ পাঠিয়ে সুস্থ করার ব্যবস্থা গ্রহন করা হয়। এরূপ ক্ষেত্রে শ্রমিকের যাবতীয় চিকিৎসার খরচ কোম্পানী বহন করে।

| | | |
|---|---|---|
| প্রস্তুতকারী | এইচ আর এন্ড কমপ্লায়েন্স বিভাগ | |
| অনুমোদনকারী | মহাব্যবস্থাপক | |